## কিভাবে অপব্যবহার, হয়রানি এবং চুক্তি লঙ্ঘনের মামলা রিপোর্ট করতে হয়

**বিদেশে অভিবাসী কর্মীদের জন্য:**

১. আপনার নিয়োগকর্তাকে শান্ত, নম্র ও সদয়ভাবে তার অনৈতিক কাজ সম্পর্কে অবহিত করুন এবং তাকে জানান যে যদি এই অনৈতিক কাজ চলতে থাকে, তাহলে আপনি কর্তৃপক্ষের কাছে রিপোর্ট করবেন

২. নোট তৈরি করুন, রেকর্ড রাখুন, অথবা আপনার নোটবুক, ডায়েরি, সেলফোন (অডিও-ভিডিও) ইত্যাদি তে লঙ্ঘন বা অপব্যবহারের নথি সংরক্ষণ করুন

৩. আপনার পরিস্থিতি সম্পর্কে জানাতে আপনার পরিবার, বন্ধু বা সহকর্মীদের সাথে যোগাযোগ করুন

৪. ঘটনাটি আপনার রিক্রুটিং এজেন্সি অথবা বাংলাদেশ দূতাবাস বা কনস্যুলেটে রিপোর্ট করুন

৫. এই নম্বরে ফোন করে প্রবাস বন্ধু কল সেন্টার থেকে সাহায্য নিন +৮৮ ০১৭৮৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০১৭৯৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০২-৯৩৩৪৮৮৮

৬. এই ফ্লাইয়ারে তালিকাভুক্ত নম্বরের মাধ্যমে এমআরসির কাছ থেকে সাহায্য নিন

৭. আপনি যেখানে আছেন সেখানে যে কোন স্থানীয় সাপোর্ট গ্রুপ, সুশীল সমাজ বা অভিবাসী সংগঠনের কাছ থেকে সাহায্য চান

৮. স্থানীয় আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের সাহায্য নিন



**বাংলাদেশে অভিবাসী পরিবারের জন্য:**

১. আপনার নিকটবর্তী আইন প্রয়োগকারী সংস্থা অথবা আপনার জেলায় অবস্থিত ডিইএমও অফিসে অথবা বিএমইটিতে অবিলম্বে এই ঘটনা সম্পর্কে রিপোর্ট করুন

২. এমআরসি, সাপোর্ট গ্রুপ, সুশীল সমাজ অথবা আপনার কাছাকাছি অন্যান্য অভিবাসী বা পরিবার থেকে সাহায্য নিন

৩. এই নম্বরে ফোন করে প্রবাস বন্ধু কল সেন্টার থেকে সাহায্য নিন +৮৮ ০১৭৮৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০১৭৯৪ ৩৩৩ ৩৩৩, +৮৮ ০২-৯৩৩৪৮৮৮

৪. আপনার কাছে অভিবাসীর রেখে যাওয়া সংশ্লিষ্ট কাগজপত্রের কপিসহ গন্তব্য দেশের বাংলাদেশ দূতাবাস বা কনস্যুলেট বা শ্রম কল্যাণ শাখা (লেবার উইং) অফিসারের সাথে যোগাযোগ করুন

৫. শেষ বিকল্প হিসেবে, ঘটনাটি সম্পর্কে মিডিয়ার কাছে রিপোর্ট করুন



**বিনামূল্যে বিস্তারিত জানতে ঢাকা ও কুমিল্লায় অভিবাসী তথ্য কেন্দ্রে যোগাযোগ করুন রবিবার থেকে বৃহস্পতিবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত**

অভিবাসী তথ্য কেন্দ্র
MIGRANT RESOURCE CENTRE


**ঢাকা**
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন
ঢাকা-১০০০, বাংলাদেশ
মোবাইল : +৮৮ ০১৭৩০৬৬৬৯৩৬

**কুমিল্লা**
জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, কুমিল্লা
২৫, চান্দলা হাউজ
বাগিচাগাঁও
কুমিল্লা-৩৫০০
বাংলাদেশ
মোবাইল : +৮৮ ০১৭১৩০৮৬৩৩০

info@mrc-bangladesh.org
www.mrc-bangladesh.org
Migrant Resource Centre Bangladesh
mrc_bangladesh
mrc_bangladesh



সহযোগিতায়

European Union

Schweizerische Eidgenossenschaft
Confédération suisse
Confederazione Svizzera
Confederaziun svizra
Swiss Confederation
Federal Department of Justice and Police FDJP
State Secretariat for Migration SEM

বাস্তবায়নে

ICMPD
International Centre for Migration Policy Development


অভিবাসী তথ্য কেন্দ্র
MIGRANT RESOURCE CENTRE

# নিরাপদ অভিবাসন
# নিরাপদ দেশ

নিরাপদ অভিবাসন অভিবাসীদের স্বার্থ উন্নীত করতে, তাদের অধিকার রক্ষা করতে এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করে।

**নিরাপদ অভিবাসন বলতে বুঝায়:**

- অভিবাসী এবং তাদের পরিবারের জন্য একিভূত এবং অধিকার ভিত্তিক নীতি, কর্মসূচী এবং সেবা
- সম্পূর্ণ অভিবাসন প্রক্রিয়ায় উৎপত্তি, ট্রানজিট এবং গন্তব্য দেশে সরকারি এবং বেসরকারি সংস্থা দ্বারা সুপ্রতিষ্ঠিত প্রাতিষ্ঠানিক সহায়তা পদ্ধতি
- বিভিন্ন বেসরকারি খাতের দায়িত্বশীল অংশীদারিত্বের মাধ্যমে, নৈতিক ও ন্যায্য নিয়োগ অনুশীলন



## নিরাপদ অভিবাসন উন্নীত করতে কি করতে হবে

- অভিবাসনের সিদ্ধান্ত নেওয়ার আগে নিজের এবং নিজের পরিবারের জন্য অভিবাসনের খরচ এবং লাভ ক্ষতি বিশ্লেষণ করুন
- অভিবাসনের বিভিন্ন প্রক্রিয়া, পদক্ষেপ এবং প্রয়োজনীয়তা সম্পর্কে জানুন
- অন্যদের, বিশেষ করে দালাল, এজেন্ট বা মধ্যস্বত্বভোগীদের উপর নির্ভর করবেন না
- আপনার আঙ্গুলের ছাপ দিয়ে স্থানীয় জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও) থেকে সহায়তা নিয়ে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) ওয়েবসাইটে নিবন্ধন করুন (http://www.old.bmet.gov.bd/BMET)
- শুধুমাত্র সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্সি থেকে সেবা নিন
- যতটা সম্ভব নিশ্চিত হয়ে জেনে নিন আপনার নিয়োগের খরচ এবং সেই অনুযায়ী ব্যয় করুন
- অভিবাসন ব্যয় পরিশোধের ক্ষেত্রে সবসময় এজেন্সি থেকে একটি রসিদ বা ইনভয়েস বুঝে নিন
- দুইটি ব্যাংক অ্যাকাউন্ট খুলুন। আপনার নিজের অ্যাকাউন্টে আপনার বেতনের একটি অংশ সঞ্চয় করুন এবং আপনার পরিবারের অ্যাকাউন্টে টাকা পাঠান। জেনে নিন বিদেশ থেকে কিভাবে টাকা পাঠাবেন এবং কিভাবে আপনার উপার্জিত টাকা ব্যয় করবেন
- হুন্ডি বা হাওয়ালার মাধ্যমে টাকা প্রেরণ করা থেকে বিরত থাকুন।
- বিএমইটি অথবা ডিইএমও থেকে আপনার চাকরি এবং কর্মস্থলের নিরাপত্তা সম্পর্কে জেনে নিন
- আপনার গন্তব্য দেশের ভাষা আগে থেকে শিখে নিন এবং নিকটস্থ কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র থেকে ট্রেডভিত্তিক প্রশিক্ষণ নিন

### জরুরি এবং অভিযোগের জন্য

**বিএমইটি হেল্প লাইন**
+৮৮০-৪৯৩৪৯৯২৫, ৮৩১৯৩২২
৮৩২৩০০৪, ৮৩২২৯৪৬, ৮৩১৭৫১১

**ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাস বন্ধু কল সেন্টার**
+৮৮০১৭৮৪৩৩৩৩৩৩, +৮৮০১৭৯৪৩৩৩৩৩৩
+৮৮০২-৯৩৩৪৮৮৮

**অনলাইনে অভিযোগ:**
http://stage-ilopublic.dnet.org.bd/ComplaineForm

**লিখিত অভিযোগের ফর্ম:**
http://www.old.bmet.gov.bd/BMET/downloadAction

**বাংলাদেশ মিশনে শ্রম কল্যাণ শাখার তালিকা**
http://www.wewb.gov.bd

## ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার (এসডিজি) এজেন্ডায় নিরাপদ অভিবাসন পরিমাপের সাধারণ সূচকগুলো হল:

**এসডিজি টার্গেট ৮.৮:** শ্রমিকদের অধিকার সুরক্ষা এবং সকল অভিবাসী কর্মীর, বিশেষত নারী অভিবাসীদের এবং যাদের কর্মসংস্থান অনিশ্চিত তাদের জন্য নিরাপত্তা ও নিরাপদ কাজের পরিবেশ উন্নীত করা।

**এসডিজি টার্গেট ১০.৭:** সুশৃঙ্খল, নিরাপদ, নিয়মিত এবং দায়িত্বশীল অভিবাসন এবং পরিকল্পিত ও সুপরিচালিত অভিবাসন নীতি বাস্তবায়নের মাধ্যম মানুষের চলাচল সহজতর করা।

**এসডিজি টার্গেট ১০.সি:** ২০৩০ সালের মধ্যে অভিবাসীর রেমিট্যান্সের লেনদেন খরচ ৩ শতাংশের নিচে নামিয়ে আনা এবং সকল অঞ্চল এবং দেশ ভেদে ৫ শতাংশের অধিক খরচের ক্ষেত্রে রেমিট্যান্স করিডোর নির্মূল করা।

**এসডিজি টার্গেট ১৬.২:** অপব্যবহার, শোষণ, মানব পাচার এবং সকল ধরনের হিংস্রতা ও শিশুদের প্রতি নির্যাতন বন্ধ করা।

## নিরাপদ অভিবাসন নিশ্চিত করতে যা করা উচিত নয়

- আপনার পাসপোর্ট, ব্যক্তিগত কাগজপত্র অথবা মূল্যবান জিনিস কখনো অন্য কাউকে দিবেন না যদি তারা আপনাকে জোরও করে
- সড়ক, গাড়ি, বাস, নৌকা বা অন্য কোন উপায়ে অভিবাসন করার প্রস্তাব দেয় এমন অননুমোদিত ট্রাভেল এজেন্টের উপর নির্ভর করবেন না। আইনত, কোন ট্রাভেল এজেন্সি বিদেশে চাকরির প্রস্তাব দিতে পারে না
- যদি আপনার বিদেশে কাজ করার উদ্দেশ্য থাকে তাহলে ফ্রি ভিসা বা ট্যুরিস্ট ভিসা গ্রহণ করবেন না। ফ্রি ভিসা বলে কিছু নেই
- আপনি যে দেশে যাচ্ছেন সে দেশের ভিসা ছাড়া সীমান্ত অতিক্রম করবেন না। কখনো কখনো ট্রানজিট দেশগুলোরও ভিসার প্রয়োজন হয়

### সরকার নির্ধারিত অভিবাসন ব্যয়

*গন্তব্য দেশ ও অভিবাসন খরচ (টাকা)*

| | | | |
|---|---|---|---|
| সৌদি আরব | ১,৬৫,০০০ | মালয়েশিয়া | ১,৬০,০০০ |
| সিঙ্গাপুর | ২,৬২,২৭০ | লিবিয়া | ১,৪৫,৭৮০ |
| বাহরাইন | ৯৭,৭৮০ | আরব আমিরাত | ১,০৭,৭৮০ |
| কুয়েত | ১,০৬,৭৮০ | কাতার | ১,০০,৭৮০ |
| ওমান | ১,০০,৭৮০ | ইরাক | ১,২৯,৫৪০ |
| জর্দান | ১,০২,৭৮০ | মিশর | ১,২০,০৮০ |
| রাশিয়া | ১,৬৬,৬৮০ | মালদ্বীপ | ১,১৫,৭৮০ |
| ব্রুনাই | ১,২০,৭৮০ | লেবানন | ১,১৭,৭৮০ |

*সূত্র: জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)*

*অন্যান্য দেশের জন্য সরকার অনুমোদিত অভিবাসন খরচ সম্পর্কে আরও জানতে, আপনার কাছাকাছি ডিইএমও তে যোগাযোগ করুন।*

*ডিইএমও-এর তালিকা এবং তাদের সাথে যোগাযোগের তথ্য http://www.bmet.gov.bd/ এই ওয়েবসাইট থেকে জেনে নিন।*



## আপনি যখন বিদেশে কাজ করতে যাবেন তখন কি কি কাগজপত্র প্রয়োজন

- পাসপোর্ট যা কমপক্ষে এক বছরের জন্য বৈধ
- বৈধ কাজের ভিসা
  *(ভিসা যাচাই করতে যোগাযোগ করুন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে অথবা বিএমইটি-তে)*
  *http://www.old.bmet.gov.bd/BMET/onlinaVisaCheck Action*
- মেডিকেল সার্টিফিকেট বা স্বাস্থ্য পরীক্ষার সনদ
- এয়ার টিকেট এবং যাত্রার অন্তত তিন ঘন্টা আগে বিমানবন্দরে পৌঁছানো নিশ্চিত করুন
  *(ঢাকা বিমানবন্দরের হেল্প ডেস্ক নম্বর: ৮৯০১০৪০; email: welfaredesk@gmail.com)*
- চাকরির চুক্তিপত্র, স্মার্টকার্ড বা বহির্গমন ছাড়পত্র, ওয়ার্ক পারমিট বা রেসিডেন্সি কার্ড
- রিক্রুটিং এজেন্সির নাম, ঠিকানা এবং যোগাযোগ নম্বর
- জরুরি যোগাযোগ নম্বরের তালিকা
- প্রাক-বহির্গমন ওরিয়েন্টেশন সার্টিফিকেট, নারী কর্মীদের ক্ষেত্রে হাউজ কিপিং সার্টিফিকেট
- প্রশিক্ষণের সার্টিফিকেট
- ব্যাংক অ্যাকাউন্ট এবং রেমিট্যান্স কার্ড

***মূল কাগজপত্র এবং এক সেট ফটোকপি আপনার সাথে রাখুন এবং এক সেট ফটোকপি আপনার পরিবারের কাছে রেখে দিন।***